Title – J.S. Mill's Representative Government
(J.S. Mill-এর প্রতিনিধিত্বমূলক সরকার)

''On Liberty and On Representative Government' নামক গ্রন্থদ্বয়ে J.S. Mill গণতন্ত্র সম্পর্কে অবিশ্বাসী হিসাবে নিজেকে তুলে ধরেছেন, তবে তিনি ছিলেন একাধারে গণতান্ত্রিক ও গণতন্ত্র বিষয়ে সর্বোত্তম দক্ষ লেখক।'

'মিল একজন গণতান্ত্রিক ছিলেন, কারণ, তিনি বিশ্বাস করতেন যে মানুষের অন্তর্নিহিত স্বার্থপরতা এতই অধিক যে প্রতি ব্যক্তির অধিকার ও স্বার্থ তার নিজের দ্বারাই ভালোভাবে সংরক্ষিত হতে পারে। সুতরাং তিনি একজন গণতান্ত্রিক, কারণ তিনি বিশ্বাস করতেন যে স্বাধীনতাই হল উন্নতির পথ এবং উন্নতি ব্যতিরেকে সুখ ভোগ করা যায় না। কিন্তু মিল সর্বোপরি একজন গণতান্ত্রিক ছিলেন, গণতন্ত্র সব মানুষকে অধিকতর সুখী করে— এই বক্তব্যে তিনি বিশ্বাসী ছিলেন বলে নয়; তিনি গণতান্ত্রিক ছিলেন কারণ, তিনি স্থির বিশ্বাসী ছিলেন যে, গণতন্ত্র সকলকে অধিকতর ভালো করে, কারণ, তিনি জানতেন যে চরিত্রের বিকাশ নির্ভর করে চরিত্রের কার্যকলাপের উপর। মিল নির্বাচনী রাজনীতিতে বিশ্বাসী ছিলেন। তিনি মনে করতেন যে সমাজের স্বার্থ সার্বিক ভোটাধিকারের মাধ্যমে সংরক্ষিত হতে পারে, কারণ, তার যুক্তিতে যেকোন রাজনৈতিক নির্বাচনে (এমনকি সার্বিক প্রাপ্তবয়স্ক ভোটাধিকারের মাধ্যমেও) — ভোটদাতা একাধারে নৈতিক বাধ্যবাধকতায়

আবদ্ধ থাকে, আর্থিক স্বার্থকে বিবেচনা করতে, নিজ স্বার্থকে নয়, এই আদর্শ কর্তব্যের মধ্যে পড়ে, এবং জনকল্যাণের ধারণা অনুযায়ী ভোটদাতা ভোট দিতে বাধ্য থাকেন।'

'গণতন্ত্রের সমর্থক হওয়া সত্ত্বেও মিল বিশ্বাস করতেন যে গণতন্ত্র সকলের জন্য উপযুক্ত নয়: কারণ জনগণের সকলেই উপযুক্ত পরিমাণে শিক্ষিত নয় এবং তাদের অধিকাংশেরই ভোটের গুরুত্ব সম্বন্ধে কোন ধারণা নেই, সেজন্য তিনি প্রাপ্ত বয়স্ক ভোটাধিকারকে সমর্থন জানিয়েছেন গণতন্ত্রের অস্তিত্বের স্বার্থে, এমনকি তিনি মহিলাদের ভোটাধিকারেরও পক্ষপাতী ছিলেন; তিনি মনে করতেন যে সকল প্রাপ্তবয়স্ক সদস্য পুরুষ-মহিলা নির্বিশেষে গণতন্ত্রে অংশগ্রহণ করবে।'

'J.S. Mill — A.D. টকভিলের দ্বারা গভীরভাবে প্রভাবিত হয়েছিলেন, টকভিল গণতন্ত্রকে অপরিহার্য বলে মনে করতেন, কিন্তু তিনি বিশ্বাস করতেন যে গণতন্ত্র ভালো কিংবা মন্দ হবে তা নির্ভর করে জনগণের উপরে, তাঁর মতে আমেরিকায় গণতন্ত্র সংখ্যাগরিষ্ঠের স্বার্থকে সংরক্ষিত করেছে এবং জনগণের অন্তর্নিহিত গুণাবলীকে প্রকৃত পরিমাণে বিকশিত করেছে, কিন্তু এই গণতন্ত্র আইনসভায় এবং সরকারী কাজকর্মে উৎকর্ষতার অভাব ঘটিয়েছে এবং গণতন্ত্র সংখ্যাগরিষ্ঠের স্বেচ্ছাচারিতাকে প্রতিষ্ঠিত করেছে, টকভিলের গণতন্ত্রের মধ্যে

মিল একমত হয়েছিলেন, উভয়ের আশ্বাসিত ভিত্তি হল যে গণতন্ত্রের প্রতি মানুষ্য জাতির অগ্রগতির সঙ্গে সঙ্গে স্বাধীনতার বৃদ্ধি অপেক্ষা সুখী আনুগত্য বৃদ্ধি পাবে। গণতন্ত্রের ফলে দায়িত্ব প্রতিনিধিত্ব হবে এবং ধীর গতিতে পরিবর্তন সূচিত হবে, গণতন্ত্রে শিক্ষাটি হল যে মানুষ তার নৈতিক সাহসের এবং স্বাধীনতার গর্বকে হারিয়ে ফেলবে, গণতন্ত্রের আধিকারিতা নির্ভর করে জনসাধারণের জ্ঞানের উপরে এবং উচ্চতর জ্ঞানের শিক্ষিত লোকেরা হবেন প্রতিনিধি

'সত্য গণতন্ত্র ও মিথ্যা গণতন্ত্র - এই দুই শ্রেণীতে মিল গণতন্ত্রকে ভাগ করেছিলেন, মিল-এর মতে সত্য গণতন্ত্রের অর্থ হল অভিজাততন্ত্র এবং প্রকৃত / সত্য শিক্ষিত মানুষকে অভিজাত করে তুলতে পারে; সুতরাং সংখ্যার উপর নির্ভরশীল গণতন্ত্র হল এক ধরনের অবমাননার মতো নিকৃষ্ট সরকার. এবং এই গণতন্ত্রই হল ~~মিল~~ মিথ্যা গণতন্ত্র, এক মানুষ - এক ভোট এই নীতিটি হল মিথ্যা গণতন্ত্রের নীতি, কারণ এর অর্থ হল প্রতিটি মানুষ অন্য মানুষেরই মত ভালো, এই বিশ্বাসটি মানুষের মধ্যে বুদ্ধি এবং জ্ঞানের পার্থক্যকে অস্বীকার করে, মিল আবার বিশ্বাসও করতেন যে এই সংখ্যাভিত্তিক গণতন্ত্র নৈতিক এবং বৌদ্ধিক উৎকর্ষতার পক্ষে ক্ষতিকারক। একক শ্রেণীভিত্তিক সরকার ধারণাটি হল মিথ্যা গণতন্ত্রের ধারণা, এই "মিথ্যা গণতন্ত্রকে মিল বিরোধিতা করেছেন এবং প্রকৃত গণতন্ত্রকে সমর্থন করেছেন।

সত্য গণতন্ত্রকে রক্ষার উদ্দেশ্যে মিল এক দুই ধরনের প্রতিনিধিত্ব ও [illegible]

মূলক সরকারের প্রস্তাব দিয়েছিলেন, প্রতিনিধিত্ব এবং প্রতিনিধিমূলক সরকারের মূল বৈশিষ্ট্যগুলি হল নিম্নরূপ:—

✓<u>প্রথমত</u>, 'তিনি সমানুপাতিক প্রতিনিধিত্বের প্রয়োজনীয়তার উপর গুরুত্ব দিয়েছেন, সমানুপাতিক প্রতিনিধিত্ব হল এমন এক ব্যবস্থা যা প্রতিটি রাজনৈতিক দলকে প্রতিনিধিদের প্রাপ্ত ভোটের সংখ্যার অনুপাতে আইনসভার আসন দেবে,'

✓<u>দ্বিতীয়ত</u>, 'তিনি জোর দিয়েছিলেন যে ভোটদাতাদের কিছু বৌদ্ধিক যোগ্যতা থাকা দরকার, এই বুদ্ধিগত যোগ্যতার মাধ্যমে ভোটদাতারা অব-কিছু পরীক্ষা-নিরীক্ষা করে তাদের প্রতিনিধিদের পছন্দ করতে পারবে,'

✓<u>তৃতীয়ত</u>, রাষ্ট্রের কাজকর্ম সুচারুভাবে সম্পন্ন করার উদ্দেশ্যে কর্মীদের কিছু যোগ্যতা থাকা বাঞ্ছনীয়, এই কাজ করার জন্য কর্মীরা অধিকাংশ লোকের সমস্যা সম্পর্কে সতর্ক থাকবে, মিল বলেছেন যে কর্মীগণ হবেন অভিজাত; এর ফলে তারা শিক্ষিত হবেন এবং সবকিছুকে বুঝতে তাঁরা সক্ষম হবেন,

<u>চতুর্থত</u>, মিল Plural ভোটদান ব্যবস্থাকে পছন্দ করেছেন, 'এক মানুষ-এক ভোট' নীতি কার্যকর হলে সরকার সংকীর্ণ স্বার্থের দ্বারা চালিত হবে, কিন্তু Plural ভোটদান সরকারকে নাগরিকদের স্বার্থ দেখতে সাহায্য করবে, কিন্তু এটি একটি শর্ত যে, Plural ভোট-দান ব্যবস্থা যোগ্যভাবেই চূড়ান্ত পর্যায়ে

কার্যকর করা উচিত নয়, কারণ এই শাসনব্যবস্থায় সুবিধাভোগী সম্প্রদায় ~~[illegible]~~ আমাদের অন্যান্য সম্প্রদায়কে বঞ্চিত করবে।

পঞ্চমত, বিধায়কদের অর্থপ্রাপ্তি ব্যবস্থার বিরোধীতা মিল করেছিলেন, অভিজাত ব্যক্তিরাই আইনসভায় আসবেন, সেজন্য তাদের কোন মাহিনা/ বেতনভাতার প্রয়োজন থাকবে না, অন্য ভাষায় বলা যায় যে আইনসভায় ধর্মনিষ্ঠভাবে যারা আসবেন তাঁরা ঠিকমতো কাজ করবেন, কিন্তু অর্থপ্রাপ্তির ব্যবস্থা থাকলে প্রতিনিধিরা টাকার লোভে এখানে আসবে এবং এর পরিণতিতে তারা দুর্নীতি পরায়ন হয়ে উঠবে, কিন্তু অর্থপ্রাপ্তির ব্যবস্থা না থাকলে দুর্নীতি অকার্যকর হবে।

ষষ্ঠত, মিল গোপন ব্যালোট ব্যবস্থার বিরোধী ছিলেন, মিল-এর মতানুযায়ী - জনগন গোপন ব্যালোট ব্যবস্থার ব্যক্তিগত প্রতিদ্বন্দ্বীতা, ঘৃণা এবং বিদ্বেষের দ্বারা চালিত হয়,

সপ্তমত, কমন্স সভার মত লর্ড সভার হাতে বিল প্রস্তুত করার ক্ষমতা দেওয়া উচিত, আইনবিভাগ প্রশাসনিক কাজে হস্তক্ষেপ করবে না, প্রশাসনের উপর শাসন-বিভাগের একচেটিয়া ক্ষমতা বজায় থাকবে,

অষ্টমত, প্রতিনিধিরা প্রকৃত অর্থে প্রতিনিধি হবেন, কিন্তু Delegate হবেনা, পার্লামেন্টের প্রকৃত কাজ হবে প্রশাসনের কাজকর্ম-কে নজরে রাখা, পার্লামেন্ট স্বীকৃতি দেবে

রাষ্ট্রের কর্তৃত্বের সীমারেখাকে এবং ব্যক্তিকে স্বাধীনভাবে কাজ চালানোর জন্য সুযোগ সুবিধা দেবে,

Mirabeau অনুভব করেছেন, "প্রতিনিধিদের map-এর সাথে তুলনা করা যেতে পারে যা একটি দেশের সব উপাদানকে ফুটিয়ে তুলতে পারে, যাতে করে বৃহত্তর উপাদানগুলি ক্ষুদ্রতর উপাদানগুলিকে ধ্বংস না করতে পারে,

প্রতিনিধিত্বের তত্ত্ব 1832 সালের সংস্কার আইনের সূত্রে ইংল্যান্ডে প্রকাশিত হয়েছিল; এই তত্ত্বটি হল সংখ্যার উপর প্রতিষ্ঠিত না হয়ে স্বার্থের উপর প্রতিষ্ঠিত হবে, Coleridge সংস্কার আইনের রচয়িতাদের নিন্দা করেছিলেন, কারণ এই নীতি প্রতিনিধিদের স্বার্থকে গুরুত্ব দেয়নি এবং আধুনিককালে Delegation তত্ত্বকে আবিষ্কার করার পথ দেখিয়েছে,

পরিশেষে এটা বলা যেতে পারে যে, [illegible] এবং অন্য গণতন্ত্রের চিন্তা উদ্ভাবন করার অর্থাৎ, এই বিষয়ে কোন সন্দেহ রাখা যায় না যে তাঁকে অভিজ্ঞ গণতান্ত্রিক হিসাবে অভিহিত করা যায়, তাঁর রচনাবলী সংমিশ্রণ হল — তৎকালীন ইংল্যান্ডের সমাজের অভিজাত ও উৎকর্ষিত বুর্জোয়ার সংমিশ্রণ, এই সংমিশ্রণের ফলে, — শ্রমিক শ্রেণী মানুষের প্রতি সহানুভূতি রাখার ফলে তাঁকে দ্বিধাগ্রস্থ করে ফেলেছিল,